গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.১৫-৪০৬

তারিখ : ১৫ পৌষ ১৪২২ / ২৯ ডিসেম্বর ২০১৫

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে Central Queensland University'র Centre for Railway Engineering (CRE)-এর Postgraduate Research International Scholarship (PRIS) এ Australia-তে Ph.D Programme-এ অধ্যয়নের নিমিত্ত তদানীন্তন সড়ক ও রেলপথ বিভাগের ০৬.০১.২০০৯ তারিখের আরএইচই-১/৮পি-৮৯/০৮-২৪ সংখ্যক স্মারকে ১৫.০৩.২০০৯ তারিখ হতে ৩১.০৩.২০১২ তারিখ পর্যন্ত শর্ত সাপেক্ষে প্রেষণ মঞ্জুর করা হয়;

যেহেতু তাঁর গত ০৪.০১.২০১২ তারিখের আবেদন এবং প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৮.০১.২০১২ তারিখের ১২৫-ই সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে সড়ক বিভাগের গত ১১.০৪.২০১২ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৮৯.২০০৮-১৯০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ০১.০৪.২০১২ তারিখ হতে ৩১.০৩.২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ের মধ্যে কোর্স সমাপ্ত করে দেশে প্রত্যাগমন করবেন শর্তে আরও ০১ (এক) বছর অর্ধ গড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু তিনি গত ১৮.১০.২০১২ তারিখ উক্ত Ph.D কোর্স সম্পন্ন করার লক্ষ্যে পুনরায় ০১ (এক) বছর শিক্ষা ছুটি বর্ধিত করার আবেদন করেন। তদপ্রেক্ষিতে গত ০৩.০৪.২০১৩ তারিখের ২১৯ ও ২২০ সংখ্যক স্মারকদ্বয়ে তাঁর আবেদনকৃত ছুটি ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপনে উল্লেখিত শর্তের পরিপন্থি হওয়ায় তা না মঞ্জুর করে ১ (এক) মাসের মধ্যে দেশে ফেরত এসে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ০২.০৫.২০১৩ তারিখ দেশে প্রত্যাবর্তন করে ০৫.০৫.২০১৩ তারিখ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করেন। তদপ্রেক্ষিতে কোর্স অসম্পূর্ণ থাকার কারণ, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মূল্যায়ন না থাকার কারণ এবং কিসের ভিত্তিতে অতিরিক্ত ছুটির আবেদন করেছেন তা প্রধান প্রকৌশলীর মাধ্যমে জানানোর জন্য গত ০২.০৬.২০১৩ তারিখের ৩৭৮ সংখ্যক স্মারকে অনুরোধ করা হয়;

যেহেতু উক্ত পত্রের জবাব ইচ্ছাকৃতভাবে প্রদান না করে গত ২৬.০৫.২০১৩ তারিখ পদত্যাগ পত্র দাখিল করে গত ২৭.০৫.২০১৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ প্রেক্ষাপটে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২২.০২.২০১৫ তারিখের ১৬৯ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১৯/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তাঁর নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক ড. সৈয়দা সালমা বেগম, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১৩.০৮.২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৭.০৮.২০১৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ-ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ২৭.০৫.২০১৩ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.১৫-৪০৬/১(১৪)

তারিখ : ১৫ পৌষ ১৪২২ / ২৯ ডিসেম্বর ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৩৬৮৮